গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা ১২১৫
www.lddp.portal.gov.bd

স্মারক নং ৩৩.০১.০০০০.৮২৮.১৮.০০৭.২০ তারিখ : ২৮/০২/২০২১ খ্রিঃ

প্রাপক,

..................................................

..................................................

**বিষয় : এলডিডিপি-এর কর্ম এলাকায় প্রাণিসম্পদের উৎপাদনকারী দল (Producer Group) গঠনের লক্ষ্যে নির্দেশিকা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ধীন প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দেশের ৬১ টি জেলার ৪৬৬ টি উপজেলায় প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। এ প্রকল্পের আওতায় ভ্যালু চেইনভিত্তিক Producer Group/Farmers' Organization গঠন ও উৎপাদন বৃদ্ধি একটি বৃহৎ কার্যক্রম। প্রাণিসম্পদ উৎপাদনকারী দলকে সহযোগিতা প্রদানের জন্য ব্যবসা পরিকল্পনা তৈরী, উৎপাদন বৃদ্ধি, পণ্য প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ, সক্ষমতা বৃদ্ধি ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হবে। এজন্য প্রকল্পের আওতাধীন উপজেলাসমূহে উপযোগী উৎপাদনকারী দল গঠনের লক্ষ্যে সংযুক্ত গাইডলাইন অনুযায়ী ভ্যালু চেইনভিত্তিক দল গঠন করে সংযুক্তি ২ এ চাহিত তথ্যাদি ধাপে ধাপে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ০১ : গাইডলাইন ৪ পৃষ্ঠা।
সংযুক্তি ০২ : ছক/ফরমেট

28/02/2022

মো: আব্দুর রহিম
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে ঃ**

১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ..................................
২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,..................................................
৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ..........................

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
২। পিএস টু সেক্রেটারি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস কপি।

সংযুক্তি-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়
.........................................

স্মারক নং                                                                 তারিখ ঃ

জেলা ঃ                                                                 উপজেলা ঃ

উৎপাদনকারী দলের নাম ঃ

দলে মোট সদস্য সংখ্যা ঃ

| ক্র.নং | খামারী/সদস্য এর নাম | এন আই ডি নম্বর | বয়স | মোবাইল নম্বর | পিতা/স্বামীর নাম | গ্রাম | ইউনিয়ন | লিঙ্গ | গাভী/মহিষ/ষাড়/ছাগল /ভেড়া/পাখির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
....................................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।

নং-৩৩.০১.০০০০.৭০০.১৪.০১৫(৫).১৮/ ১৪৮ তারিখঃ ২৮/০২/২০২১ খ্রিঃ।

**বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের প্রডিউসার গ্রুপ গঠন/গ্রুপ মবিলাইজেশন ও প্রকল্পের সেবা প্রদানের লক্ষ্যে প্রস্তুতকৃত নির্দেশিকা (Guideline) অনুমোদন।**

সূত্রঃ প্রকল্প পরিচালকের ২৫/০২/২০২১ তারিখের ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০১৭.২০-২০৮ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাব মোতাবেক প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে কর্মকর্তা ও কর্মচারিগণ কর্তৃক সুষ্ঠুভাবে প্রডিউসার গ্রুপ গঠন/গ্রুপ মবিলাইজেশন ও প্রকল্পের সেবা প্রদানের লক্ষ্যে প্রস্তুতকৃত নির্দেশিকা (Guideline) অনুমোদন করা হলো।

সংযুক্তিঃ

নির্দেশিকা (Guideline)- ৩পৃষ্ঠা।

২৮/২/২০২১

(ডাঃ আবদুল জব্বার শিকদার)
মহাপরিচালক (গ্রেড-১)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রাপক,

প্রকল্প পরিচালক
প্রাণিসম্পদ এবং ডেইরী উন্নয়ন প্রকল্প।

D:\700\14\015 (LDDP- project) - docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

**প্রডিউসার গ্রুপ গঠন/গ্রুপ মবিলাইজেশন ও প্রকল্পের সেবা প্রদানের নির্দেশিকা (Guideline) ঃ**

**১. ভূমিকা ঃ** প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পটি বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংক এর ঋণ সহায়তায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের একটি উন্নয়ন প্রকল্প। এ প্রকল্পের উল্লেখযোগ্য কার্যক্রম হচ্ছে প্রাণিসম্পদ খাতের উৎপাদনশীলতা বৃদ্ধি, প্রযুক্তি ব্যবহার ও সম্প্রসারণ, প্রডিউসার অর্গানাইজেশন/গ্রুপ গঠন, মার্কেট লিংকেজ এবং প্রাণিসম্পদ সংশ্লিষ্ট ভ্যালুচেইন উন্নয়নে টেকসই বিনিয়োগ। প্রডিউসার অর্গানাইজেশন/গ্রুপ গঠনের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে প্রডিউসার অর্গানাইজেশন/গ্রুপ মবিলাইজেশন এবং প্রকল্পের বরাদ্দকৃত উপকরণ ও সেবা প্রদান কার্যক্রম সঠিকভাবে সম্পাদন করার জন্য এ গাইডলাইন বা নির্দেশিকাটি প্রণয়ন করা হল। নির্বাচিত ও সংগঠিত দল সমূহকে প্রাণিসম্পদ কৃষক মাঠ স্কুলের (LFFS) আওতায় এনে দল পরিচালনা ও সংশ্লিষ্ট ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির জন্য প্রকল্পের সংস্থান অনুযায়ী সহায়তা প্রদান করা হবে। প্রত্যেক সুফলভোগীকে ব্যবসা পরিকল্পনা তৈরি, উন্নত পদ্ধতিতে খামার ব্যবস্থাপনা, খাদ্য ব্যবস্থাপনা, রোগ দমন কৌশল সম্পর্কে প্রশিক্ষণ প্রদান ও বাজার ব্যবস্থার সাথে সংযুক্ত করে স্বাবলম্বী করে গড়ে তোলা হবে। উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য প্রযুক্তি ও বিভিন্ন ধরণের প্রদর্শনীর ব্যবস্থা করে কৃষকদেরকে উন্নত পদ্ধতিতে খামার ব্যবস্থাপনায় উদ্বুদ্ধকরণ এবং তাদেরকে অনুশীলনে নিয়ে আসা প্রকল্পের অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য। এতদ্ব্যতীত তাদেরকে সংশ্লিষ্ট ভ্যালুচেইনের আওতায় প্রাণিসম্পদ ব্যবসা ভিত্তিক উদ্যোক্তা হিসেবে তৈরি এবং ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে প্রকল্পের সংস্থান অনুযায়ী সহায়তা প্রদান করা হবে।

**২. উদ্দেশ্য ঃ** এ নির্দেশিকার মূল উদ্দেশ্য হচ্ছে ডিএলএস ও এলডিডিপির মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক সুষ্ঠুভাবে প্রডিউসার গ্রুপ গঠন, গ্রুপ মবিলাইজেশন ও গ্রুপসমূহকে টেকসই করণের কার্যকর উদ্যোগ গ্রহন।

**৩. প্রকল্পে অর্ন্তভুক্ত উৎপাদনকারী দল (Producer Group) গঠন সংক্রান্ত লক্ষ্যমাত্রা ঃ**

ক) প্রাণীর সংখ্যা, খামারীর সংখ্যা, মোট উৎপাদনকারী দল এবং নারীর অংশগ্রহণ নিম্নরূপ ঃ

| ক্র.নং | ভ্যালু চেইনসমূহ | সম্ভাব্য খামারীর সংখ্যা | সম্ভাব্য উৎপাদনকারী দল সংখ্যা | সম্ভাব্য নারী অংশগ্রহণ % |
|---|---|---|---|---|
| ১ | ডেইরী ক্যাটল (গরু/মহিষ) | ১০০০০০ | ৩৩৩৩ | ৪১.০ |
| ২ | ছাগল / ভেড়া | ১৫০০০ | ৫০০ | ১০০.০ |
| ৩ | গরু হৃষ্টপুষ্টকরণ (Beef Cattle) | ২০০০০ | ৬৬৭ | ২৫.০ |
| ৪ | পারিবারিক মুরগি ও বিশেষায়িত পাখি পালনকারী (Scavenging Poultry & Specialized Fowl Households) | ৩০০০০ | ১০০০ | ১০০.০ |
| | মোট | ১৬৫০০০ | ৫৫০০ | |

খ) এছাড়াও প্রকল্পে ২৬০০০ স্বতন্ত্র খামারী (দল ব্যতীত) অর্ন্তভুক্ত থাকবে। তন্মধ্যে ১০০০০ সোনালী মুরগি উৎপাদনকারী (৩৫% নারী) এবং ১৬০০০ বাণিজ্যিক মুরগি উৎপাদনকারী থাকবে। এ সমস্ত স্বতন্ত্র খামারীগণ এলএফএফএস এ অর্ন্তভুক্ত থাকবেন এবং বিভিন্ন সহায়তা পাবেন।

গ) প্রকল্পে প্রাণিসম্পদ কৃষক মাঠ স্কুল আকারে মোট ৫৫০০ উৎপাদনকারী দল/প্রোডিউসার গ্রুপ গঠন করা হবে। প্রত্যেক দলে ২০-৪০ জন খামারী থাকবে (গড়ে ৩০ জন সদস্য)।

ঘ) প্রকল্প কৃষক মাঠ স্কুল এ প্রশিক্ষণের আয়োজন এবং প্রশিক্ষণ সরঞ্জাম সরবরাহ করবে।

ঙ) কৃষক মাঠ স্কুল শক্তিশালীকরণ ও মবিলাইজেশনে নিয়মিত সভা (সাপ্তাহিক/মাসিক) পরিচালনা ও রেজিষ্টারসমূহ প্রকল্প সরবরাহ করবে। সাপ্তাহিক/মাসিক সভা পরিচালনায় এলডিডিপি মাঠকর্মীগণ সহায়তা করবেন।

চ) ভবিষ্যতে ব্যাংক একাউন্ট খোলা ও সমবায় নিবন্ধন এর অপারেশনাল খরচ প্রকল্প বহন করবে।

ছ) এলডিডিপি ও ডিএলএস গ্রুপ কার্যক্রম নিয়মিত মনিটরিং করবে।

( প্রাডিউসার গ্রুপ গঠনের ক্ষেত্রে ভ্যালু চেইন ভিত্তিক দল যেমন- দুগ্ধ উৎপাদনকারী দল, ছাগল/ভেড়া উৎপাদনকারী দল, গরু হৃষ্টপুষ্টকরণ দল, পারিবারিক হাঁস/মুরগি উৎপাদনকারী দল (Scavenging Poultry), টার্কী/কোয়েল/গিনিফাউল/কবুতর উৎপাদনকারী ইত্যাদি দল গঠন করতে হবে। ভ্যালু চেইন ভিত্তিক গ্রুপ গঠনের সুবিধা হচ্ছে নির্দিষ্ট ভ্যালু চেইনের আঙ্গিকে গ্রুপে অর্ন্তভুক্ত সদস্যদেরকে সংশ্লিষ্ট বিষয়ে গ্রুপ ভিত্তিক প্রশিক্ষনের মাধ্যমে কারিগরি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা। এরূপ কার্যক্রম বাস্তবায়নের জন্য গ্রুপের সদস্যগণকে প্রাণিসম্পদ কৃষক মাঠ স্কুল এর আওতায় আনা হবে। এ স্কুলের মাধ্যমে ভ্যালু চেইন ভিত্তিক কার্যক্রম মাঠ পর্যায়ে সম্প্রসারিত করা হবে। এ স্কুলের অধীনে গ্রুপের সদস্যগণ এমনকি স্বতন্ত্র খামারীগণও অর্ন্তভুক্ত থাকবেন।

**৪. উৎপাদনকারী দল (প্রোডিউসার গ্রুপ) এর সদস্য/ সুফলভোগী** (যারা এলএফএফএস এ অর্ন্তভুক্ত থাকবে) **নির্বাচনের বৈশিষ্ট্য সমূহ ঃ**

**ক) সাধারণ বৈশিষ্ট্য সমূহ ঃ**

- এলএফএফএস (Livestock Farmers Field School) সদস্য/সুফলভোগী হওয়ার এবং প্রযুক্তির সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়নসহ প্রকল্পের সকল নিয়ম কানুন মেনে চলার জন্য আগ্রহী থাকতে হবে।
- ভ্যালু চেইনভিত্তিক (দুগ্ধ উৎপাদনকারী দল, ছাগল/ভেড়া উৎপাদনকারী দল, গরু হৃষ্টপুষ্টকরণ দল, পারিবারিক হাঁস/মুরগি উৎপাদনকারী দল (Scavenging Poultry), টার্কী/ কোয়েল/গিনিফাউল/কবুতর উৎপাদনকারী ইত্যাদি দল) সদস্য ও এলাকা নির্বাচন করতে হবে।
- নিজস্ব মালিকানায় প্রাণিসম্পদ থাকতে হবে এবং প্রাণিসম্পদ লালন পালন কাজে সরাসরি জড়িত থাকতে হবে।
- সকল সদস্য/সুফলভোগীদের আর্থ সামাজিক অবস্থা কম-বেশী প্রায় কাছাকাছি থাকতে হবে।
- সংশ্লিষ্ট ইউনিয়ন বা গ্রামের বাসিন্দা হতে হবে এবং সদস্যের অন্যত্র স্থানান্তরের সম্ভাবনা থাকবে না।
- প্রতি পরিবার থেকে কেবলমাত্র একজন গ্রুপের সদস্য হতে পারবেন।
- একজন গ্রুপ সদস্য একাধিক গ্রুপের কিংবা প্রাণিসম্পদ অধিদপ্তরের অন্য কোন চলমান প্রকল্পের সদস্য হতে পারবেন না।
- যতদূর সম্ভব কাছাকাছি বা গুচ্ছাকারে বসবাসরত খামারীদের নিয়ে গ্রুপ গঠন করতে হবে।
- ব্যবসা ভিত্তিক খামার পরিচালনায় আগ্রহী হতে হবে।
- উৎপাদনকারীর বয়স ১৮-৬০ বৎসরের মধ্যে হতে হবে।

**খ) ভ্যালু চেইনভিত্তিক সুফলভোগী নির্বাচনের সুনির্দিষ্ট বৈশিষ্ট্য সমূহ ঃ**

- **দুগ্ধ উৎপাদনকারী দল গঠনের ক্ষেত্রে সুনির্দিষ্ট বৈশিষ্ট্যসমূহ ঃ**
  - প্রতি খামারীর কমপক্ষে ২ টি দুধালো গাভী থাকবে।
  - প্রতি খামারীর খামারে বাৎসরিক আনুমানিক ১৫০০ লিটার দুধ উৎপাদন থাকবে।
  - ঘাস চাষের জন্য জমি থাকতে হবে।
  - ৪১% পর্যন্ত নারী সদস্য নির্বাচন করতে হবে।
  - গোয়াল ঘর স্থাপনের জন্য উপযুক্ত জায়গা থাকতে হবে।
- **মহিষ উৎপাদনকারী দল গঠনের ক্ষেত্রে সুনির্দিষ্ট বৈশিষ্ট্যসমূহ ঃ**
  - প্রতি খামারীর কমপক্ষে ২ টি মহিষ থাকবে।
  - মহিষের থাকার জন্য উপযুক্ত জায়গা থাকতে হবে।
  - ঘাস চাষের জন্য পর্যাপ্ত জমি থাকতে হবে।
- **গরু হৃষ্টপুষ্টকরণ দল গঠনের ক্ষেত্রে সুনির্দিষ্ট বৈশিষ্ট্যসমূহ ঃ**
  - প্রতি খামারীর কমপক্ষে ২ টি ষাঁড় বাছুর থাকবে।
  - ঘাস চাষের জন্য জমি থাকতে হবে।
  - ২৫% পর্যন্ত নারী সদস্য নির্বাচনে উৎসাহিত করতে হবে।
  - গোয়াল ঘর স্থাপনের জন্য উপযুক্ত জায়গা থাকতে হবে।
- **ছাগল/ভেড়া উৎপাদনকারী দল গঠনের ক্ষেত্রে সুনির্দিষ্ট বৈশিষ্ট্যসমূহ ঃ**
  - প্রতি খামারীর কমপক্ষে ৫ টি ছাগল/ভেড়া থাকবে।
  - ১০০% নারী সদস্য নির্বাচন করতে হবে।
  - ঘর/মাচা তৈরির উপযুক্ত জায়গা থাকতে হবে।

- **পারিবারিক হাঁস/মুরগি (Scavenging Poultry) উৎপাদনকারী দল গঠনের ক্ষেত্রে সুনির্দিষ্ট বৈশিষ্ট্যসমূহ ঃ**
  - প্রতি খামারীর কমপক্ষে ২০ টি হাঁস/মুরগি থাকবে।
  - ১০০% নারী সদস্য নির্বাচন করতে হবে।
  - শেড তৈরির উপযুক্ত জায়গা থাকতে হবে।
- **বিশেষায়িত পাখি (টার্কী, কোয়েল, গিনিফাউল, কবুতর) পালনকারী** ( Specialized Fowl Households) **দল গঠনের ক্ষেত্রে সুনির্দিষ্ট বৈশিষ্ট্যসমূহ ঃ**
  - প্রতি খামারীর কমপক্ষে ৫০ টি বিশেষায়িত পাখি থাকবে।
  - ১০০% নারী সদস্য নির্বাচন করতে হবে।
  - শেড তৈরির উপযুক্ত জায়গা থাকতে হবে।

**৫. প্রডিউসার গ্রুপ গঠন পদ্ধতি ও কার্যক্রম এর ধাপসমূহ ঃ**

- **ধাপ ১ ঃ** মৌলিক তথ্যাদি সংগ্রহ ঃ

  প্রতি উপজেলায় প্রয়োজনীয় দল গঠনের নিমিত্ত এলএফএ/ডিএলএস স্টাফ/এলইও এর সহায়তায় প্রাথমিকভাবে এলাকা নির্বাচন করার জন্য এলাকা ভিত্তিক মৌলিক তথ্যাদি সংগ্রহ করতে হবে। এজন্য নির্বাচক মন্ডলীর পর্যবেক্ষণের মাধ্যমে এলাকার বিভিন্ন গ্রামের যোগাযোগ ব্যবস্থা, ভৌগোলিক অবস্থান, বাজারজাতকরণ সুবিধা ইত্যাদি তথ্যাদি সংগ্রহ করতে হবে। প্রয়োজনে স্থানীয় জনগণের মতামত গ্রহণের জন্য অনানুষ্ঠানিক বৈঠকে মিলিত হবেন।

- **ধাপ ২ ঃ** দল গঠনের জন্য সম্ভাব্য এলাকা নির্বাচন ঃ

  উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বা তার প্রতিনিধিকে নির্বাচিত এলাকার সংগৃহীত তথ্যাদি যাচাই করে এলাকার প্রাণিসম্পদের উৎপাদিত পণ্য (Product) অনুযায়ী দল গঠনের জন্য দলের ধরণ চিহ্নিত করতে হবে। নির্বাচিত এলাকা যেন ঐ ইউনিয়ন/গ্রামের প্রতিনিধিত্বশীল হয় সে বিষয়টি বিবেচনায় রাখতে হবে। প্রতিটি দল কোন একটি প্রাণিসম্পদ উৎপাদনকে (ভ্যালু চেইন) কেন্দ্র করে গঠিত হতে হবে। যেমন- দুধ উৎপাদন বৃদ্ধির জন্য শুধুমাত্র দুধ উৎপাদনকারী গাভী পালনকারীদের নিয়ে দল গঠন করতে হবে। এভাবে ছাগল/ভেড়া পালনকারীদের নিয়ে ছাগল/ভেড়া পালন দল, মাংসল গরু নিয়ে হৃষ্টপুষ্টকরণ ইত্যাদি দল গঠিত হবে। দল গঠনের ক্ষেত্রে দলের আশেপাশের এলাকায় প্রযুক্তি হস্তান্তরের সুযোগ আছে কিনা তা বিবেচনায় আনতে হবে।

- **ধাপ ৩ ঃ** উপাদনকারী দল চিহ্নিতকরণ ঃ

  ভ্যালু চেইন অনুযায়ী সদস্য নির্বাচনের ক্রাইটেরিয়া বা বৈশিষ্ট্য দল গঠনে মূখ্য ভূমিকা পালন করবে। প্রতি উপজেলায় সম্ভাব্যতা বিবেচনায় দুগ্ধ উৎপাদনকারী, মহিষ উৎপাদনকারী, ছাগল উৎপাদনকারী, ভেড়া উৎপাদনকারী, গরু হৃষ্টপুষ্টকরণ, পারিবারিক হাঁস পালন, মুরগি পালন, টার্কী পালন, কোয়েল পালন, তিতির পালন, কবুতর পালন ইত্যাদি দল গঠন করা যাবে। প্রত্যেক দলে ২০-৪০ জন খামারী থাকবে। গঠিত দলসমূহ প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে নিজেদের সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানকল্পে পরিকল্পনা প্রণয়ন, বাজেট তৈরি ও সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন করবে।

- **ধাপ ৪ ঃ** সম্ভাবনাময় খামারীদের নিয়ে সভা আয়োজন ঃ

  দল গঠনের জন্য নির্বাচিত এলাকার সুবিধাজনক স্থানে সম্ভাবনাময় খামারীদের প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, কার্যক্রম ইত্যাদি সম্পর্কে অবহিত করার জন্য সাধারণ সভা করতে হবে। পূর্বেই সভার স্থান, তারিখ ও সময় নির্ধারণপূর্বক নোটিশ করতে হবে। সভায় প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য, সদস্যগণের প্রকল্প থেকে সেবা ও সুবিধা প্রাপ্তির তথ্য ও তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কিত করণীয় বিষয় জানাতে হবে।

- **ধাপ ৫ ঃ** ভ্যালু চেইন ভিত্তিক উৎপাদনকারী দলের প্রাথমিকভাবে নির্বাচিত সদস্যদের তথ্য সংগ্রহ ঃ

  এলএফএ/ডিএলএস স্টাফ/এলইও প্রাথমিকভাবে নির্বাচিত সদস্যদের প্রয়োজনীয় তথ্যাদি প্রকল্পের নির্ধারিত ছকে KoBo Tool Box এর মাধ্যমে সংগ্রহ করে পিএমইউতে প্রেরণ করবেন। ভবিষ্যতে উক্ত তথ্যাদি ব্যবহারের জন্য উপজেলা অফিসে বিভিন্ন দল ভিত্তিক আলাদা আলাদা ফাইল সংরক্ষণ করতে হবে।

- **ধাপ ৬ ঃ** নির্বাচিত খামারীদের তালিকা চূড়ান্তকরণ ও দল গঠন ঃ

  উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক নির্বাচিত খামারী ও এলাকার গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে প্রতিটি গ্রুপে ২০-৪০ জনের নামের তালিকা চূড়ান্ত করবেন। তালিকা চূড়ান্ত করার ক্ষেত্রে নির্দিষ্ট সদস্য নির্বাচনের জন্য প্রকল্প প্রদত্ত ক্রাইটেরিয়া বা বৈশিষ্ট্যসমূহ যথাযথভাবে বিবেচনা করতে হবে। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা গ্রুপের সদস্যদের তালিকা পর্যালোচনাপূর্বক চূড়ান্ত করবেন ।

**দলের নামকরণ ঃ**

প্রতিটি দলের পরিচিতি ও প্রয়োজনীয় দাপ্তরিক কাজের জন্য একটি নাম দিতে হবে। এজন্য দল যে গ্রামে বা এলাকায় গঠিত হয়েছে সেই গ্রাম বা এলাকার নাম এবং দলের ক্যাটাগরির নাম (যেমন-দুগ্ধ উৎপাদন/গরু হৃষ্টপুষ্টকরণ ইত্যাদি) যোগ করে দলের নামকরণ হবে। কেদারপুর গ্রামের গঠিত দলের নাম নিম্নোক্তভাবে রাখা যেতে পারে। যেমন- দলের নাম ঃ কেদারপুর দুগ্ধ উপাদনকারী দল। অনুরূপভাবে কেদারপুর গরু হৃষ্টপুষ্টকরণ দল রাখা যেতে পারে। ভবিষ্যতে দলের সমবায় নিবন্ধনের পর কেদারপুর দুগ্ধ উপাদনকারী সমবায় সমিতি (নিবন্ধন নং ......) রাখা যেতে পারে।

**৬. সংগঠিত দলের তথ্য প্রকল্প দপ্তরে প্রেরণ ঃ**

প্রোডিউসার গ্রুপ গঠন চূড়ান্ত করার পর উপজেলা প্রাণিসম্পদ দপ্তর প্রকল্প প্রদত্ত নির্ধারিত ছকে/ফরমেটে তথ্যসমূহ পূরণ করে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট এর নিকট প্রেরণ করবেন।

[illegible]
উপ প্রকল্প পরিচালক
প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা

মোঃ [illegible]
প্রকল্প পরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

অনুমোদিত

ডা. আবদুল জব্বার শিকদার
মহাপরিচালক (গ্রেড-১)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।